**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে বিজেপি'র প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করবেন আগরতলার পুর মেয়র দীপক মজুমদার ।**

**(২) রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থী রতন দাস ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের জন্য আমরা বাঙালি প্রার্থী গৌরী শঙ্কর নন্দী আজ মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।**

**(৩) ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক আজ থিম্পুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ভুটানের সর্বোচ্চ অসামরিক পুরস্কার, অর্ডার অফ দ্য ড্রুক গ্যালপো প্রদান করেছেন।**

**(৪) টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যালে জুটমিল কোচিং সেন্টার খেলবে ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে ।**

*************************

**BJP Nomination bye-Election :**

রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে বিজেপি'র প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করবেন আগরতলা পুর মেয়র দীপক মজুমদার। বিজেপি'র সর্বভারতীয় সাধারণ সম্পাদক অরুন সিং আজ প্রার্থী পদে শ্রী মজুমদারের নাম ঘোষণা করেন।

*****************************

**India Alliance :**

রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থী রতন দাস আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি এই কেন্দ্রের রিটার্নিং অফিসার বিপুল দাসের কাছে মনোনয়নপত্র জমা দেন। মনোনয়নপত্র জমা দেবার আগে দুর্গা চৌমুহনী থেকে একটি মিছিল রামনগরের বিভিন্ন পথ পরিক্রমা করে এসডিএম অফিসের সামনে জমায়েত হয়। মিছিলে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, মানিক দে সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এস ডি এম অফিসের সামনে জমায়েতে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী দিল্লির মুখ্যমন্ত্রী এবং ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তারের নিন্দা করেন। তিনি পশ্চিম আসনে ইন্ডিয়া জোটের প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনেও বক্তব্য রাখেন।

***************************

**Nomination-LS :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের প্রতিদ্বন্দ্বিতার জন্য আমরা বাঙালি প্রার্থী গৌরী শঙ্কর নন্দী আজ মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এই আসনের প্রতিদ্বন্দ্বিতার জন্য ইতিপূর্বে

এস.ইউ.সি.আই(সি) প্রার্থী অরুণ ভৌমিক ও নির্দল প্রার্থী মিলনপদ মুড়াসিং মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*******************************

**Current Affairs :**

রাজ্যের ২টি আসনের লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তর সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। ভোটারদের উৎসাহ বাড়াতে সচেতনতামূলক নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারীক সুভাশিষ বন্দোপাধ্যায়। তিনি জানান, এবারের নির্বাচনে ৮৫ উর্ধ্ব বয়ষ্ক ভোটার ও ৪০ শতাংশের উপর দিব্যাঙ্গ ভোটাররা চাইলে বাড়ীতে বসেও আবেদনের ভিত্তিতে ভোট দিতে পারবেন। এই নিয়ে আকাশবানী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনায় একটি সাক্ষাৎকারভিত্তিক অনুষ্ঠান আকাশবানী আগরতলা কেন্দ্র থেকে শোনা যাবে আগামীকাল বেলা ৩টা ১৫ মিনিটে।

*************************

**MCMC-Khowai :**

খোয়াই জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ খোয়াই জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে এমসিএমসি কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চাঁন্দনী চন্দ্রনের এমসিএমসি কমিটির দায়িত্ব কর্তব্য সম্পর্কে সবিস্তারে আলোচনা করেন ও নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী সঠিকভাবে এমসিএমসি'র দায়িত্ব পালন করতে

সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। বৈঠকে বিজেপি, আইএনসি, সি.পি.আই.এম, তিপরা মথা ও দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*******************************

**Election Arms :**

লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে সিপাহীজলা জেলার জেলাশাসক এক আদেশে জেলায় যাদের কাছে লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র রয়েছে, সেগুলি আগামী ৩০শে মার্চের মধ্যে জেলার সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। আর্মস অ্যাক্ট ১৯৫৯ অনুযায়ী এই আদেশ জারি করা হয়েছে। লোকসভার সাধারণ নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

*******************************

**MCC-CS :**

লোকসভার সাধারণ নির্বাচন ঘোষণার পর কার্যকর হওয়া আদর্শ আচরণবিধির বিষয়ে রাজ্যের মুখ্যসচিবকে চেয়ারম্যান করে একটি স্ক্রিনিং কমিটি গঠন করা হয়েছে। আদর্শ আচরণবিধি কার্যকর থাকাকালীন সময়ে কোনও বিষয়ে অনুমতি বা স্পষ্টিকরণের প্রয়োজন হলে তা নির্বাচন কমিশনের কাছে পাঠানোর আগে এই স্ক্রিনিং কমিটি সংশ্লিষ্ট বিষয়গুলি খতিয়ে দেখবে। স্ক্রিনিং কমিটির অন্যান্য সদস্যরা হলেন যে দপ্তরের কাছ থেকে নির্দিষ্ট প্রস্তাব আসবে সেই দপ্তরের প্রধান সচিব ও সচিবগণ এবং রাজ্য

পুলিশের ডিজি। মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আজ এই সংবাদ জানিয়েছেন।

*************************

**ECI Expenditure Observer :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য নির্বাচন কমিশনের ব্যয় পর্যবেক্ষক প্রদীপ শর্মা, বর্তমানে আগরতলার ক্যাপিটেল কমপ্লেক্সস্থিত রাজ্য অতিথিশালা সোনার তরীতে অবস্থান করছেন। তার সঙ্গে যোগাযোগের নম্বর ৯৮৬৩৯০৫৩২৪। প্রতিদিন অফিস চলাকালীন দিনে বিকাল ৫টা থেকে ৬টা পর্যন্ত সময়ে তার সঙ্গে সাক্ষাৎ করা যাবে। নির্বাচনী ব্যয় পর্যবেক্ষকের সঙ্গে যোগাযোগের জন্য লিয়াসন অফিসারের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। লিয়াসন অফিসারের নাম অ্যাসিস্টেন্ট অডিট অফিসার দিবাকর দত্তগুপ্ত। লিয়াসন অফিসারের ফোন নম্বর ৯৪৩৬৪৫৪৪৪৩ / ৯৪৮৫৩৪০০৭০। সাধারণ জনগণ, প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং রাজনৈতিক দলগুলিকে এ বিষয়ে অবহিত করার জন্য পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।

*********************************

**PM, Bhutan :**

ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক আজ থিম্পুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ভুটানের সর্বোচ্চ অসামরিক পুরস্কার, অর্ডার অফ দ্য ড্রুক গ্যালপো প্রদান করেছেন। অনুষ্ঠানে শ্রী মোদি বলেন, এটা তাঁর জীবনের অনেক বড় দিন। তিনি বলেন,

এই সম্মান তাঁর ব্যক্তিগত অর্জন নয়। তিনি সমস্ত ভারতীয়দের পক্ষ থেকে সম্মানটি গ্রহণ করেন এবং পুরস্কারে ভূষিত হওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী মোদি আজ বিকেলে থিম্পুর তাশিছোডজং প্রাসাদে ভুটানের রাজার সঙ্গেও আলোচনা করেন। উভয় নেতাই বিশেষ এবং অনন্য ভারত-ভুটান বন্ধুত্বের প্রতি প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। তারা দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

*************************

**BJP, Candidate :**

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য বিজেপি আজ চতুর্থ প্রার্থী তালিকা প্রকাশ করেছে। আজ ঘোষিত ১৫ জন প্রার্থী পুদুচেরি এবং তামিলনাড়ুর সংসদীয় আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

এর আগে, দল এই সাধারণ নির্বাচনের জন্য ২৭৬ প্রার্থীর নাম প্রকাশ করেছিল।

**************************

**Mahadhormo sobha :**

রাষ্ট্রীয় সনাতনী সেবা সংঘের উদ্যোগে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে মহাধর্মসভা ও সহস্র কন্ঠে গীতাপাঠ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের মহারাজ ও বিশিষ্ট ব্যক্তিত্ব  আধ্যাত্মিক চেতনা ও শাশ্বত মূল্যবোধ নিয়ে আলোচনা করেন।

**************************

**India alliance-Sepahijala :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনে আজ সোনামুড়া মহকুমার নলছড়ে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সি.পি.আই.এম ও কংগ্রেস দলের এই যৌথ কর্মসূচিতে উপস্থিত ছিলেন সি.পি.আই.এম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য মানিক দে, বিধায়ক শ্যামল চক্রবর্তী, প্রাক্তন বিধায়ক তপন দাস, কংগ্রেস নেতা পরেশ দেবনাথ প্রমুখ।

***************************

**CM-Badharghat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বাধারঘাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত চারিপাড়া এলাকায় নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়িক মিনা রানী সরকার।

************************

**Congress Press Meet :**

কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, আসন্ন লোকসভা নির্বাচনের আগে সর্বভারতীয় কংগ্রেস দলকে অর্থনৈতিক ভাবে পঙ্গু করে দেবার চেষ্টা চলছে। তিনি এরজন্য বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারকে দায়ী করেন। তিনি আরো অভিযোগ করেন, কংগ্রেস দলের সমস্ত ব্যাংক একাউন্ট অনৈতিকভাবে ফ্রিজ করে দেওয়া হয়েছে। আয়কর ফেরত ইস্যুতে তাদের বিরুদ্ধে অযাচিতভাবে এই ধরনের পদক্ষেপ গ্রহন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

*****************************

**Amarpur flag March :**

লোকসভা নির্বাচনের আগে আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার লক্ষ্যে পুলিশ ও কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী আজ যৌথভাবে অমরপুর শহরের বিভিন্ন এলাকায় ফ্লাগ মার্চ করে। এই ফ্ল্যাগ মার্চে ছিলেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, জেলা পুলিশ সুপার নমিত পাঠক ও অমরপুর মহকুমা পুলিশ আধিকারিক দেবাঞ্জলি রায়।

*****************************

**Durga Bari :**

সোসাইটি অফ মেডিক্যাল এস্ট্রোলোজিক্যাল রিসার্চ ফ্র্যাটারনিটির উদ্যোগে আগামী ২৪শে মার্চ আগরতলার দুর্গা বাড়িতে গীতাযজ্ঞের আয়োজন করা হয়েছে। আজ আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে সংগঠনের পক্ষে সোমা চৌধুরী একথা জানিয়েছেন।

*****************************

**Women Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যালে জুটমিল কোচিং সেন্টার খেলবে ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে। এমবিবি স্টেডিয়ামে আগামী ২৪ মার্চ ফাইন্যাল ম্যাচ হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল হয়। এম বি বি স্টেডিয়ামে প্রথম সেমিফাইনালে জুটমিল কোচিং সেন্টার ৮ উইকেটে ভাগিনী নিবেদিতা মহিলা সমিতিকে পরাজিত করে। পরে

একই মাঠে দ্বিতীয় সেমিফাইনালে ব্লাডমাউথ ক্লাব ৫ উইকেটে এডি নগর প্লে সেন্টারকে হারিয়ে দেয়।

**************************

**Northeast Games :**

নাগাল্যান্ডে আয়োজিত তৃতীয় উত্তরপূর্ব গেমসে ত্রিপুরা পঞ্চমদিনে একটি পদক পেয়েছে। সবমিলিয়ে এপর্যন্ত রাজ্যদল ১৭টি পদক পেলো। আজ এথলেটিক্সে মহিলাদের লংজাম্পে মৌসুমী দেব ব্রোঞ্জ পদক পান। আগামীকাল আসরের আনুষ্ঠানিক সমাপ্তি হবে।

*************************

**Belonia Senior Cricket :**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র ডাবল লীগ কাম নক আউট ক্রিকেট টুর্নামেন্টের আজকের ম্যাচে ১২৩ রানের বিশাল ব্যবধানে জয়লাভ করে দক্ষিন বিলোনিয়া প্লে সেন্টার। বিদ্যাপীঠ মাঠে আয়োজিত এই ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে দক্ষিন বিলোনিয়া প্লে সেন্টার নির্ধারিত ৩৫ ওভারে ৯ উইকেটে ২০৩ রান করে। জবাবে খেলতে নেমে নিউ স্টার ক্লাব ২১ ওভারে উইকেট হারিয়ে ৮০ রান সংগ্রহ করে।

********************************

**T-20 Cricket Tournament-Baikhora :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আজ থেকে বাইখোড়া মাঠে শুরু হয়েছে সিনিয়র টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট। টুর্নামেন্টের প্রথম ম্যাচে মুহুরীপুর জনকল্যান সমিতি ৪৬ রানে কসমোপলিটান ক্লাবকে পরাজিত করেছে।

***************************

**State wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ সাতটি খেলা হয়। এতে তেলিয়ামুড়ায় অনুষ্ঠিত খেলায় সদর-বি ১৮ রানে তেলিয়ামুড়াকে, নেপকো মাঠে বিশালগড় ৮ উইকেটে মোহনপুরকে, বিশালগড়ের জাঙ্গালিয়া মাঠে সদর-এ ১০ উইকেটে আমবাসাকে, ধর্মনগরের কলেজ মাঠে ধর্মনগর ১০ উইকেটে গন্ডাছড়াকে, হাফলং মাঠে কৈলাসহর ৬ উইকেটে কমলপুরকে, উদয়পুরের কেবিআই মাঠে স্বাগতিক উদয়পুর ১৫৬ রানে বিলোনীয়াকে এবং বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় সাব্রুম ৫ উইকেটে অমরপুরকে পরাজিত করে।

***********************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন আঠার ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক এক ডিগ্রী এবং সর্বনিম্ন সতের দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস।

***************************